



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: জুয়েল এস এম মাহাবুবুর রহমান ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
সভার তারিখ	: ০৪/০৯/২০২৪ খ্রিঃ
সভার সময়	: বেলা ১০.০০ ঘটিকা
সভার স্থান	: সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ট্রাস্টের যুগ্মপরিচালক (প্রশাসন), জনাব মোঃ ফয়েজ আহমেদ খান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


০২। সভাপতি জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গত ৩০/০৬/২০২৪ খ্রি: তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২০২৫ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিানামার জাতীয় শূদ্ধার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নের অংশ হিসেবে আজকের এ সভা আয়োজন। তিনি জানান যে, সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে দেশের শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন এ সংস্থার মাধ্যমে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবার/মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা উত্তরাধিকারী/পরিবারের সেবা নিশ্চিত করা হয়ে থাকে। তিনি আরও জানান, জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়ন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্য অর্জনে অগ্রণী ভূমিকা পালন করে। এ কারণে ২০২৪-২০২৫ অর্থবছরে এপিএ লক্ষ্য অর্জনে উক্ত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের কোনো বিকল্প নেই। তিনি সভায় উপস্থিত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদেরকে (প্রজন্ম) পরামর্শমূলক বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবদুল লতিফ বলেন, রাষ্ট্রের অন্যতম দায়িত্ব হলো নাগরিকের জন্য অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে ট্রাস্টের সেবা প্রদান আমূল পরিবর্তন হয়েছে। পূর্বের তুলনায় বর্তমানে কল্যাণ ট্রাস্ট সক্ষমতার চেয়ে অধিক সেবা প্রদান করছে। এজন্য তিনি ব্যবস্থাপনা পরিচালকসহ ট্রাস্টের সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে আন্তরিক অভিনন্দন জানান। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবদুল লতিফ-এর সাথে উপস্থিত অন্যান্য যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণ একমত প্রকাশ করেন।

০৫। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আগামীতেও অংশীজনদেরকে (Stakeholders) নিয়ে নিয়মিত সভার আয়োজন করতে হবে;
- (খ) প্রতিটি অভিযোগ দ্রুত নিষ্পত্তি করার প্রয়াস নিতে হবে;
- (গ) তথ্য অধিকার বিষয়ক সেবাবক্স নিয়মিত আপডেট করতে হবে;
- (ঘ) সেবা প্রত্যাশীগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান করতে হবে।

০৬। পরিশেষে সুশাসন প্রতিষ্ঠায় সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, শুদ্ধাচার নৈতিকতা কমিটি

স্মারক নম্বর- ৪৮.০১.০০০০.১০২.৩১.০০৬.২৩. ৮৭৩


তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ:
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জনাব মোঃ খোরশেদ আলম, উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০২। জনাব মোঃ ফয়েজ আহমেদ খান, ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০৩। জনাব মোঃ ইকবাল হোসেন, সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০৪। জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০৫। জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করবেন)
- ০৬। জনাব

অনুলিপি সদয় আভার্থে:

- ০১। যুগ্মসচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট (NIS), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
- ০৩। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ ফয়েজ আহমেদ খান)
যুগ্মপরিচালক (প্রশাসন)
ও
সদস্য, নৈতিকতা কমিটি